# আল-কাসাস | Al-Qasas | ٱلْقَصَص

আয়াতঃ ২৮ : ১১

## আরবি মূল আয়াত:

وَ قَالَتۡ لِاُخۡتِهٖ قُصِّیۡهِ ۫ فَبَصُرَتۡ بِهٖ عَنۡ جُنُبٍ وَّ هُمۡ لَا یَشۡعُرُوۡنَ ﴿۱۱﴾

## অনুবাদসমূহ:

আর সে মূসার বোনকে বলল, ‘এর পিছনে পিছনে যাও’। সে দূর থেকে তাকে দেখছিল, কিন্তু তারা টের পায়নি। — আল-বায়ান

মূসার মা মূসার বোনকে বলল- ‘তার পিছনে পিছনে যাও।’ সে দূর থেকে তাকে দেখছিল কিন্তু তারা টের পায়নি। — তাইসিরুল

সে মূসার বোনকে বললঃ এর পিছনে পিছনে যাও, সে তাদের অজ্ঞাতসারে দূর হতে তাকে দেখছিল। — মুজিবুর রহমান

And she said to his sister, "Follow him"; so she watched him from a distance while they perceived not. — Sahih International

১১. আর সে মূসার বোনকে বলল, এর পিছনে পিছনে যাও। সে দূর থেকে তাকে দেখছিল। অথচ তারা তা উপলব্ধি করতে পারছিল না।

-

তাফসীরে জাকারিয়া

(১১) সে মূসার ভগিনীকে[1] বলল, ‘এর পিছনে পিছনে যাও।’ সুতরাং সে ওদের অজ্ঞাতসারে দূর থেকে তাকে লক্ষ্য করছিল। [2]

[1] মূসা (আঃ)-এর ভগ্নির নাম ছিল মারয়্যাম বিন্তে ইমরান। যেমন, ঈসার মাতার নামও ছিল মারয়্যাম বিন্তে ইমরান। উভয়ের নামে ও পিতার নামে ছিল অভিন্নতা।

[2] অতএব তিনি নদীর ধারে ধারে দেখতে দেখতে যাচ্ছিলেন। পরিশেষে তিনি দেখতে পেলেন যে, তাঁর ভাই ফিরআউনের প্রাসাদে পৌঁছে গেল।

তাফসীরে আহসানুল বায়ান

Source — https://www.hadithbd.com/quran/link/?id=3263

হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন